যুগান্তর

তারিখ ..09 .APR..2015. ...
পৃষ্ঠা ১৩ ... কলাম.... ২......

# ঢাবি ভিসির স্বাক্ষর জালিয়াতি ছাত্রলীগ নেতাসহ আটক ৪

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিকের স্বাক্ষর জালিয়াতির সময় ঢাবি ছাত্রলীগের এক নেতাসহ চারজনকে হাতেনাতে আটক করেছে শাহবাগ থানা পুলিশ। বুধবার দুপুরে ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ থেকে তাদের আটক করা হয়। অভিযুক্ত ওই ছাত্রলীগ নেতাকে সংগঠন থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে। আটককৃতরা হলেন, ঢাবি ছাত্রলীগের স্কুলছাত্রবিষয়ক সম্পাদক এবং বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী দেবাশীষ শিকদার সিদ্ধার্থ, দুই অভিভাবক মিরাজ আহমেদ মিন্টু, কাইয়ুম রহমান এবং তাসলিমা ফাতেমা নামের একজন। ঢাবি অধিভুক্ত স্কুল অ্যান্ড কলেজটিতে প্রথম শ্রেণীতে দুই শিক্ষার্থীকে ভর্তি করিয়ে দেয়ার চুক্তিতে অভিভাবকের কাছ থেকে ৮০ হাজার করে টাকা নেয় সিদ্ধার্থ। চুক্তি অনুযায়ী বুধবার বেলা ২টার দিকে সিদ্ধার্থ কায়েফ রহমান শাওন (পিতা : কাইয়ুম রহমান) ও সিরাজ আহমেদ জয় (পিতা : মিরাজ আহমেদ পিন্টু) নামে দুই ছাত্রকে ভর্তি করতে ভিসির সুপারিশসহ দুটি আবেদন নিয়ে ল্যাবরেটরি স্কুলের অধ্যক্ষের কাছে যান। বিষয়টি সন্দেহ হলে স্কুলের অধ্যক্ষ ভিসির সঙ্গে যোগাযোগ করলে তিনি এ বিষয়ে কিছুই জানেন না বলে জানান। পরে ভিসির নির্দেশে ওই ছাত্রলীগ নেতাসহ মোট চারজনকে আটক করে শাহবাগ থানা পুলিশে দেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. এম আমজাদ [illegible] আটককৃতদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে। একাডেমিকভাবেও ব্যবস্থা নেয়া হবে। জানতে চাইলে ঢাবি শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ওমর শরীফ জানান, ছাত্রলীগে কোনো অপরাধীর স্থান নেই। মাঠে যারা নিষ্ক্রিয় তারাই এ ধরনের কাজে জড়িত হতে পারে।

ইতিমধ্যে তাকে ছাত্রলীগ থেকে আজীবন বহিষ্কার করা হয়েছে।